



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৬.২০.৭৭

বিষয়: কারণ দর্শানো/মতামত।

সূত্র: ১। উপাধ্যক্ষ জনাব নূর আলতাফ হোসেন, ভেড়াবাড়ী ডিগ্রী কলেজ, পীরগঞ্জ, রংপুর এর ০৬/১২/২০২৩খ্রি. তারিখের আবেদন।

২। উপাধ্যক্ষ জনাব নূর আলতাফ হোসেন, ভেড়াবাড়ী ডিগ্রী কলেজ, পীরগঞ্জ, রংপুর এর ২৩/০১/২০২৪খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারক মোতাবেক রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার ভেড়াবাড়ী ডিগ্রী কলেজ এর উপাধ্যক্ষ জনাব নূর আলতাফ হোসেন, ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের জন্য আবেদন করেন।

বর্ণিত বিষয়ে ডিসেম্বর/২০২৩ মাসের এমপিও শীট অনুযায়ী জনাব নূর আলতাফ হোসেন অত্র কলেজে উপাধ্যক্ষ হিসেবে কর্মরত। উক্ত কলেজের উপাধ্যক্ষ জনাব নূর আলতাফ হোসেন সূত্রোক্ত (২) নং স্মারকের আবেদনে উল্লেখ করেছেন যে, উপাধ্যক্ষ কর্মরত থাকা অবস্থায় ১৮ তম একজন জুনিয়র শিক্ষক (জনাব মো: কামরুল হাসান, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান) ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন।

এমতাবস্থায়, (ক) উপাধ্যক্ষ কর্মরত থাকা অবস্থায় তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করে জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী একজন জুনিয়র শিক্ষক জনাব মো: কামরুল হাসান, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান কর্তৃক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করায় (যা জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ধারা-১৩ এর লঙ্ঘন) কেন মো: কামরুল হাসান এর বেতন ভাতা সাময়িকভাবে স্থগিতসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে মো: কামরুল হাসানকে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খ) উপাধ্যক্ষ কর্মরত থাকা অবস্থায় তাকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান না করে জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী একজন জুনিয়র শিক্ষক জনাব মো: কামরুল হাসান, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করায় (যা জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ধারা-১৩ এর লঙ্ঘন) কেন জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ধারা ১৮.১ (খ) অনুযায়ী গভর্নিংবডি'র সভাপতির বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে সভাপতিকে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১-০২-২০২৪

তপন কুমার দাস
সহকারী পরিচালক

০২-৯৫৫৬০৫৭

ncollege@dshe.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ভেভাবাড়ী ডিগ্রী কলেজ, পীরগঞ্জ, রংপুর এবং
- ২। জনাব মো: কামরুল হাসান, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ভেভাবাড়ী ডিগ্রী কলেজ, পীরগঞ্জ, রংপুর।

স্মারক নম্বর:

৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ২। জেলা শিক্ষা অফিসার, রংপুর (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ);
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর এবং
- ৫। সংরক্ষন নথি।



(Signature)

২১-০২-২০২৪

তপন কুমার দাস
সহকারী পরিচালক